BENGALI- একাদশ শ্রেণি

গল্প- বিড়াল

বহু বিকল্পভিত্তিক প্রশ্নাবলি বা MCQ

সঠিক উত্তরটি নির্বাচন করো

১. 'বিড়াল' প্রবন্ধটি প্রথম প্রকাশিত হয়-

(A) তত্ত্ববোধিনী পত্রিকায় (B) সংবাদ প্রভাকর পত্রিকায় (C) বঙ্গদর্শন পত্রিকায় (D) সমাচার দর্পণ পত্রিকায়

উত্তরঃ (C) বঙ্গদর্শন

২. 'কমলাকান্তের দপ্তর' প্রকাশিত হয়-

(A) ১৮৭০ সালে (B) ১৮৭৫ সালে (C) ১৮৭৭ সালে (D) ১৮৮০ সালে

উত্তরঃ (B) ১৮৭৫ সালে

৩. শয়নগৃহে চারপায়ীর উপরে কমলাকান্তের হাতে ছিল -

(A) দুধের বাটি (B) হুঁকা (C) পান (D) মহাভারত

উত্তরঃ (B) হুঁকা

৪. "দেয়ালের উপর... প্রেতবৎ নাচিতেছে"-যার কথা বলা হয়েছে-

(A) হ্যারিকেনের আলো (B) ঝুলে আটকে থাকা মাকড়সা (C) চঞ্চল ছায়া (D) ক্যালেন্ডার

উত্তরঃ (C) চঞ্চল ছায়া

৫. হুঁকা হাতে কমলাকান্ত ভাবছিলেন-

(A) নেপোলিয়ন হলে তিনি ওয়াটার্জুর যুদ্ধে জিতবেন কি না

(B) আহার প্রস্তুত হতে কত দেরি আছে

(C) প্রসন্ন তাঁর জন্য দুধ রেখে গিয়েছে কি না

(D) মাথাটা বড়ো ঝিমঝিম করছে

উত্তরঃ (A) নেপোলিয়ন হলে তিনি ওয়াটার্জুর যুদ্ধে জিতবেন কি না

৬. "...হঠাৎ কিছু বুঝিতে পারিলাম না।"-কমলাকান্ত বুঝতে পারেননি-

(A) কীভাবে ওয়াটার্লর যুদ্ধে জয় সম্ভব

(B) প্রসন্ন গোয়ালিনির দেরির কারণ

(C) দেয়ালে কীসের নাচ চলছে

(D) 'মেও' শব্দটির তাৎপর্য

উত্তরঃ (D) 'মেও' শব্দটির তাৎপর্য

৭. কমলাকান্তের মনে হয়েছিল যে, বিড়ালত্ব প্রাপ্ত হয়েছে-

(A) আলেকজান্ডার (B) ডিউক অফ ওয়েলিংটন (C) নেপোলিয়ান (D) কমলাকান্ত স্বয়ং

উত্তরঃ (B) ডিউক অফ ওয়েলিংটন

৮, মার্জার উদরস্থ করেছিল-

(A) অফিম (B) প্রসন্নের রেখে যাওয়া দুধ (C) মাংস (D) মৎস

উত্তরঃ (B) প্রসন্নের রেখে যাওয়া দুধ

৯. কমলাকান্ত মনে করেছিলেন যে মার্জার তাঁর দিকে তাকিয়ে মনে মনে ভাবছিল-

(A) কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই (B) চোর পালালে বুদ্ধি বাড়ে

(C) এক মাঘে শীত যায় না (D) ইচ্ছে থাকলে উপায় হয়

উত্তরঃ (A) কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই

১০. কমলাকান্তের ভাবনা অনুসারে বিড়ালের খাওয়া দুধের মালিক ছিল-

(A) কমলাকান্ত (B) প্রসন্ন গোয়ালিনি (C) মঙ্গলা গাভী (D) একটি মহিষ

উত্তরঃ (C) মঙ্গলা গাভী

১১. যা করলে কমলাকান্ত মনুষ্যকুলে কুলাঙ্গার হিসেবে পরিচিত হবেন-

(A) আফিং সেবন করলে (B) বিড়াল মারলে

(C) বিড়ালকে দুধ না দিলে (D) চিরাগত প্রথার অবমাননা করলে

উত্তরঃ (D) চিরাগত প্রথার অবমাননা করলে

১২. "অতএব পুরুষের ন্যায় আচরণ করাই বিধেয়।"-এই পুরুষের মতো আচরণ হল-

(A) ঘরে বিড়াল ঢুকতে না দেওয়া (B) বিড়াল দুধ খেলে আবার দুধ কেনা

(C) দুধ চুরি করে খেলে বিড়ালকে মারা (D) বিড়াল তাড়াতে কুকুর পোষা

উত্তরঃ (C) দুধ চুরি করে খেলে বিড়ালকে মারা

১৩. "মার্জারী প্রতি ধাবমান হইলাম।"এই সময়ে কমলাকান্তের হাতে ছিল-

(A) হুঁকা (B) বেতের ছড়ি (C) ঝাঁটা (D) ভগ্ন যষ্টি

উত্তরঃ (D) ভগ্ন যষ্টি

১৪. মার্জারী কমলাকান্তকে দেখে ভীত হল না, কারণ-

(A) মার্জারী অত্যন্ত সাহসী ছিল (B) সে জানত কমলাকান্ত তার কাছে পৌঁছোতে পারবে না

(C) কমলাকান্তকে সে চিনত (D) কমলাকান্তের লাঠিটি ভাঙা ছিল।

উত্তরঃ (C) কমলাকান্তকে সে চিনত

১৫. বিড়াল কমলাকান্তের কাছে যা চেয়েছিল-

(A) পরামর্শ (B) বিচার (C) দয়া (D) সাহায্য

উত্তরঃ (B) বিচার

২৮. মার্জার 'পরমধর্ম' বলতে বুঝিয়েছে-

(A) ধর্মে মতি (B) পরোপকার (C) নীতিশিক্ষা (D) আত্মসুখ

উত্তরঃ (B) পরোপকার

১৬. কমলাকান্তের সংগ্রহ করা দুধে মার্জারের ক্ষুধানিবৃত্তি ঘটায় কমলাকান্ত-

(A) পরমধর্মের ফলভোগী (B) মোহমুক্ত মানব (C) ক্ষুব্ধ (D) উদাসীন

উত্তরঃ (A) পরমধর্মের ফলভোগী

১৭. চোরের থেকে 'শতগুণে দোষী'-

(A) রাজা (B) তার সমাজ (C) তার ভাগ্য (D) কৃপণ ধনী

উত্তরঃ (D) কৃপণ ধনী

১৮. প্রাচীরে প্রাচীরে ডেকে বেড়ালেও কেউ বেড়ালকে যা দেয় না-

(A) টাকা (B) মাংস (C) মাছ (D) মাছের কাঁটা

উত্তরঃ (D) মাছের কাঁটা

১৯. মার্জারের মতে 'মনুষ্যজাতির রোগ' হল-

(A) অন্যকে হিংসা করা (B) শুধু নিজের স্বার্থ দেখা (C) মুখে জগৎ উদ্ধার করা (D) তেলা মাথায় তেল দেওয়া

উত্তরঃ (D) তেলা মাথায় তেল দেওয়া

২০. মার্জার যা দেখে ঘৃণা না করতে বলেছে-

(A) দরিদ্র মানুষ (B) অসুস্থ প্রাণী (C) তাদের কালো চামড়া (D) গৃহস্থের ভণ্ডামি

উত্তরঃ (C) তাদের কালো চামড়া

২১. চোরের মতোই দণ্ড আছে-

(A) গৃহস্বামীর (B) পুলিশের (C) নির্দয়তার (D) বিচারকের

উত্তরঃ (C) নির্দয়তার

২২. কমলাকান্তকে মার্জার দূরদর্শী বলেছে তার কারণ-

(A) সে পণ্ডিত (B) সে আইন জানে (C) সে ভবিষ্যদ্রষ্ট (D) সে আফিংখোর

উত্তরঃ (D) সে আফিংখোর

২৩. দরিদ্র চোর হয়-

(A) স্বভাব দোষে (B) শিক্ষা না থাকায় (C) ধনীর দোষে (D) সঙ্গ দোষে

উত্তরঃ (C) ধনীর দোষে

২৪. "এ পৃথিবীতে কেহ আইসে নাই"-যা করার জন্য-

(A) বিনা বিচারে আটকে থাকার জন্য (B) অনাহারে মরে যাওয়ার জন্য

(C) হৃদয়হীন হওয়ার জন্য (D) একা একা বাঁচার জন্য

উত্তরঃ (B) অনাহারে মরে যাওয়ার জন্য

২৫. মার্জারের কথাগুলো কমলাকান্তের মনে হয়েছিল-

(A) রিয়েলিস্টিক (B) সোশিয়ালিস্টিক (C) আইডিয়ালিস্টিক (D) মেটেরিয়ালিস্টিক

উত্তরঃ (B) সোশিয়ালিস্টিক

২৬. সোশিয়ালিস্টিক ভাবনাচিন্তাকে কমলাকান্তের মনে হয়েছে-

(A) সমাজসাম্যের মূল (B) সভ্যতার ভবিষ্যৎ (C) প্রকৃত জ্ঞানীর ভাবনা (D) সমাজ বিশৃঙ্খলার মূল

উত্তরঃ (D) সমাজ বিশৃঙ্খলার মূল

২৭. কমলাকান্তের মতে 'সমাজের ধনবৃদ্ধি' করতে হলে-

(A) কৃষক শ্রমিকের উন্নতির প্রয়োজন (B) ক্ষমতা অনুযায়ী ব্যক্তিকে ধন সঞ্চয় করতে হবে

(C) ব্যয় সংকোচ করতে হবে (D) সকলের হাতে যাতে অর্থ না যায় দেখতে হবে

উত্তরঃ (B) ক্ষমতা অনুযায়ী ব্যক্তিকে ধন সঞ্চয় করতে হবে

২৮. 'সমাজের ধনবৃদ্ধি'র অর্থ মার্জারের কাছে ছিল-

(A) ধনীর ধনবৃদ্ধি (B) সম্পদের সমান বণ্টন (C) দেশের সম্পদবৃদ্ধি (D) কৃষির উন্নতি

উত্তরঃ (A) ধনীর ধনবৃদ্ধি

২৯. কমলাকান্তের মতে সমাজের উন্নতিতে কর্তব্য হল-

(A) ধনীদের সুরক্ষিত রাখা (B) ফসলের দাম ঠিক রাখা (C) চোরের দণ্ডবিধান (D) আদর্শের প্রতিষ্ঠা

উত্তরঃ (C) চোরের দণ্ডবিধান

৩০, নসীরামবাবু ছিলেন-

(A) কমলাকান্তের আশ্রয়দাতা (B) প্রসন্ন গোয়ালিনির আশ্রয়দাতা

(C) মঙ্গলার মালিক (D) একজন সমাজতাত্ত্বিক

উত্তরঃ (A) কমলাকান্তের আশ্রয়দাতা

৩১. মার্জারকে পড়ার জন্য কমলাকান্ত যাদের বই দিতে চেয়েছিলেন-

(A) মার্কস এঞ্জেলস (B) নেহরু-গান্ধি (C) বঙ্কিমচন্দ্র-রবীন্দ্রনাথ (D) নিউমান ও পার্কার

উত্তরঃ (D) নিউমান ও পার্কার

৩২. 'আফিঙ্গের অসীম মহিমা' বোঝার জন্য মার্জারের যে বই পড়া উচিত বলে কমলাকান্ত মনে করেছিলেন-

(A) মুচিরাম গুড়ের জীবনচরিত (B) কমলাকান্তের দপ্তর

(C) ঢোলগোবিন্দের আত্মদর্শন (D) চাচা কাহিনি

উত্তরঃ (B) কমলাকান্তের দপ্তর

৩৩. উভয়ে ভাগ করিয়া খাইব।"-কমলাকান্ত মার্জারকে যা ভাগ করে খাওয়ার কথা বলেছেন-

(A) প্রসন্নের দেওয়া দুধ (B) প্রসন্নের দেওয়া ছানা (C) বাটির মাংস (D) দুধ ও ছানা

উত্তরঃ (B) প্রসন্নের দেওয়া ছানা

৩৪. "ক্ষুধানুসারে বিবেচনা করা যাইবে।"-মার্জার যা বিবেচনার কথা বলেছে-

(A) অন্যের হাঁড়ি খাওয়ার কথা (B) কমলাকান্ডের বাড়ি ফিরে আসার কথা

(C) বড়োলোকদের আক্রমণ করবে কি না (D) নিজের ভান্ডারে কতটা খাবার আছে

উত্তরঃ (A) অন্যের হাঁড়ি খাওয়ার কথা

৩৫. 'বিড়াল' রচনায় ব্যবহার করা প্রবাদের সংখ্যা-

(A) এক (B) দুই (C) তিন (D) পাঁচ

উত্তরঃ (C) তিন

সাকসেস... এ পাথফাইন্ডার্স

৩৬. "সে দেখিয়া বিশেষ ভীত হওয়ার কোনো লক্ষণ প্রকাশ করিল না।"-কার কথা বলা হয়েছে?

(A) নেপোলিয়ন (B) ডিউক অফ ওয়েলিংটন (C) বিড়াল (D) কমলাকান্ত

উত্তরঃ (C) বিড়াল

৩৭. "সে দেখিয়া বিশেষ ভীত হওয়ার কোনো লক্ষণ প্রকাশ করিল না।"-কী দেখে বিড়ালটি মোটেই ভয় পায়নি?

(A) দুধের বাটি (B) ভাঙা লাঠি (C) আফিমের ডেলা (D) মাছের কাঁটা

উত্তরঃ (B) ভাঙা লাঠি

৩৮. "তখন... মার্জারের বক্তব্যসকল বুঝিতে পারিলাম।"-কে এ কথা বলেছে?

(A) কমলাকান্তর (B) বিড়াল (C) নেপোলিয়ন (D) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

উত্তরঃ (A) কমলাকান্তর

৩৯. "তখন... মার্জারের বক্তব্যসকল বুঝিতে পারিলমাম।"- কমলাকান্ত কীভাবে বিড়ালের কথা বুঝতে পারল?

(A) আফিম খেয়ে (B) দিব্যকর্ণ পেয়ে (C) দিব্যদৃষ্টি পেয়ে (D) নেপোলিয়নের সাহায্যে

উত্তরঃ (B) দিব্যকর্ণ পেয়ে

৪০. "তোমাদের বিদ্যালয়সকল দেখিয়া আমার বোধ হয়"-'তোমাদের' বলতে এখানে কাদের কথা বলা হয়েছে?

(A) বিড়ালের (B) চতুষ্পদ প্রাণীর (C) মঙ্গলা গোরুর (D) মনুষ্যজাতির

উত্তরঃ (D) মনুষ্যজাতির

**শূন্যস্থান পূরণ করোঃ**

১. 'বিড়াল' প্রবন্ধটি 'কমলাকান্তের দপ্তর'-এর ______________ সংখ্যক রচনা-

(A) দশম (B) একাদশ (C) দ্বাদশ (D) ত্রয়োদশ

উত্তরঃ (D) ত্রয়োদশ

২. আমি যদি __________ হইতাম...।

(A) কমলাকান্ড (B) মার্জার (C) নেপোলিয়ন (D) প্রসন্ন গোপালিনী

উত্তরঃ (C) নেপোলিয়ন

৩. কেহ মরে বিল হেঁচে, কেহ খায় __________ ।

(A) দই (B) খই (C) কই (D) ভুসি

উত্তরঃ (C) কই

৪. দুধ __________ দুহিয়াছে প্রসন্ন।

(A) গোরুর (B) ওপরওয়ালার (C) ক্রেতার (D) মঙ্গলার

উত্তরঃ (D) মঙ্গলার

৫. সে __________ দেখিয়া বিশেষ ভীত হওয়ার কোনো লক্ষণ প্রকাশ করল না।

(A) কঞ্চি (B) ষষ্টি (C) লাঠি (D) ঝাঁটা

উত্তরঃ (B) ষষ্টি

৬. তখন __________ প্রাপ্ত হইয়া মার্জারের বক্তব্য সকল বুঝিতে পারিলাম।

(A) জ্ঞানচক্ষু (B) দিব্যকর্ণ (C) দিব্যসুখ (D) পরমানন্দ

উত্তরঃ (B) দিব্যকর্ণ

৭. এ সংসারে __________ সর, দুগ্ধ, দধি, মৎস্য, মাংস সকলই তোমরা খাইবে...।

(A) ক্ষীর (B) পরমান্ন (C) ঘৃত (D) পলান্ন

উত্তরঃ (A) ক্ষীর

৮. বিজ্ঞ __________ কাছে শিক্ষালাভ ব্যতীত তোমাদের জ্ঞানোপ্রতির উপায়ান্তর দেখি না।

(A) পণ্ডিতের (B) চতুষ্পদের (C) মার্জারের (D) চোরের

উত্তরঃ (B) চতুষ্পদের

৯. __________ ই পরম ধর্ম।

(A) লোকহিত (B) সদাচার (C) পরোপকার (D) আত্মনিবেদন

উত্তরঃ (C) পরোপকার

১০. আমি তোমার __________ মুলীভূত কারণ।

(A) ধর্মসঞ্চয়ের (B) যন্ত্রণার (C) উচ্ছ্বাসের (D) শোকের

উত্তরঃ (A) ধর্মসঞ্চয়ের

১১. তাঁহারা অনেক চোর অপেক্ষাও __________ ।

(A) দক্ষ (B) অধার্মিক (C) বাস্তববুদ্ধিসম্পন্ন (D) জ্ঞানী

উত্তরঃ (B) অধার্মিক

সাকসেস... এ পাথফাইন্ডার্স

১২. চোরে যে চুরি করে সে অধর্ম __________ ধনীর।

(A) নিষ্ঠুর (B) কৃপণ (C) অধার্মিক (D) স্বার্থসন্ধানী

উত্তরঃ (B) কৃপণ

১৩. মাছের কাঁটা পাতের ভাত __________ ফেলিয়া দেয়।

(A) উঠোনে (B) কানাচে (C) বাগানে (D) নর্দমায়

উত্তরঃ (D) নর্দমায়

১৪. __________ মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ।

(A) ধনীর (B) তেলা (C) বিত্তবানের (D) মান্যলোকের

উত্তরঃ (B) তেলা

১৫. বৃদ্ধের নিকট যুবতী ভার্যার __________ ।

(A) পোষ্য (B) বান্ধবী (C) সহোদর (D) প্রিয়জন

উত্তরঃ (C) সহোদর

১৬, মূর্খ ধনীর কাছে __________ খেলোয়াড়ের স্থানীয় হইয়া থাকিতে পারিল...।

(A) দাবা (B) সতরঞ্চ (C) লুডো (D) ক্রিকেট

উত্তরঃ (B) সতরঞ্চ

১৭. তাহাদের রূপের ছটা দেখিয়া, অনেক __________ কবি হইয়া পড়ে।

(A) শিরোমণি (B) রসহীনও (C) মার্জার (D) ন্যায়ালঙ্কার

উত্তরঃ (C) মার্জার

১৮. চোরের দণ্ড আছে, __________ কি দণ্ড নাই?

(A) ধনীর (B) চৌকিদারের (C) নির্দয়তার (D) শাসকের

উত্তরঃ (C) নির্দয়তার

১৯. তোমার কথাগুলি ভারি__________ ।

(A) নিহিলিস্টিক (B) স্যাডিস্টিক (C) সোশিয়ালিস্টিক (D) ইগোয়িস্টিক

উত্তরঃ (C) সোশিয়ালিস্টিক

সাকসেস... এ পাথফাইন্ডার্স

২০. যে __________ বা নৈয়ায়িক, কস্মিনকালে কেহ তাহাকে কিছু বুঝাইতে পারে না।

(A) পণ্ডিত (B) জ্ঞানী (C) বিচারক (D) সাধুব্যক্তি

উত্তরঃ (C) বিচারক

২১. যে বিচারক চোরকে সাজা দিবেন তিনি আগে __________ উপবাস করিবেন।

(A) চারপ্রহর (B) পাঁচপ্রহর (C) একদিবস (D) তিনদিবস

উত্তরঃ (D) তিনদিবস

২২. এ সকল অতি __________ কথা।

(A) গভীর (B) অর্থবহ (C) নীতিবিরুদ্ধ (D) অর্থহীন

উত্তরঃ (C) নীতিবিরুদ্ধ

২৩. পাঠার্থে তোমাকে আমি __________ ও পার্করের গ্রন্থ দিতে পারি।

(A) সক্রেটিস (B) নিউমান (C) সিসেরো (D) অরেলিয়াস

উত্তরঃ (B) নিউমান

২৪. __________ সময় আসিও, উভয়ে ভাগ করিয়া খাইব।

(A) সন্ধ্যার (B) দ্বিপ্রহরের (C) জলযোগের (D) অবসরে

উত্তরঃ (C) জলযোগের

২৫. তবে পুনর্বার আসিও এক __________ আফিঙ্গ দিব।

(A) চিমটা (B) ভারি (C) সরিষাভোর (D) গ্রেইন

উত্তরঃ (C) সরিষাভোর

নীচের সঠিক জোড়টি নির্বাচন করো

১.

| স্তম্ভ-১ | স্তম্ভ-২ |
|---|---|
| a. কমলাকান্ত | i. বিল |
| b. কই | ii. মেও |
| c. নেপোলিয়ন | iii. চারপায়ী |
| d. ডিউক | iv. ওয়াটারলু যুদ্ধ |

(A) a-i, b-iii, c-ii, d-iv (B) a-iv, b-ii, c-i, d-iii (C) a-iii, b-i, c-iv, d-ii (D) a-ii, b-iv, c-iii, d-i

উত্তরঃ (C) a-iii, b-i, c-iv, d-ii

২.

| স্তম্ভ-১ | স্তম্ভ-২ |
|---|---|
| a. প্রসন্ন | i. আফিং সেবন |
| b. দিব্যকর্ণ | ii. বিজ্ঞ |
| c. চতুষ্পদ | iii. অধর্ম |
| d. কৃপণ ধনী | iv. মঙ্গলা |

(A) a-iv, b-i, c-ii, d-iii (B) a-i, b-ii, c-iv, d-iii (C) a-ii, b-iii, c-i, d-iv (D) a-iii, b-iv, c-i, d-ii

উত্তরঃ (A) a-iv, b-i, c-ii, d-iii

৩।

| স্তম্ভ-১ | স্তম্ভ-২ |
|---|---|
| a. সমাজ | i. উন্নতি |
| b. ধনী | ii. চুরি |
| c. দরিদ্র | iii. সম্পদ |
| d. ধর্ম | iv. পরোপকার |

**উত্তর:** a-i, b-iii, c-ii, d-iv

৪।

| স্তম্ভ-১ | স্তম্ভ-২ |
|---|---|
| a. কমলাকান্ত | i. সাজা |
| b. চোর | ii. উপবাস |

| স্তম্ভ-১ | স্তম্ভ-২ |
|---|---|
| c. কৃপণ ধনী | iii. দণ্ড |
| d. বিড়াল | iv. ধর্মের সহায় |

**উত্তর:** a-iv, b-i, c-iii, d-ii

৫.

| স্তম্ভ-১ | স্তম্ভ-২ |
|---|---|
| a. প্রাচীর | i. চুরি |
| b. ধন | ii. শাস্তি |
| c. বিচারক | iii. উপবাস |
| d. লাঠি | iv. মেও মেও |

**উত্তর:** a-iv, b-i, c-iii, d-ii

## সঠিক ক্রম নির্বাচন করো

**প্রশ্ন ১:**
i. মার্জ্জারপণ্ডিত বলিল।
ii. তুমি আমাকে মারিতে লাঠি তুলিয়াছিলে।
iii. তিন দিবস উপবাস করিয়া দেখ।
iv. তুমি যদি নসীরাম বাবুর ভাণ্ডারঘরে ধরা না পড়।

**বিকল্পসমূহ:**
(A) i, ii, iv, iii
(B) ii, i, iii, iv
(C) i, iii, ii, iv
(D) i, ii, iii, iv

**উত্তর:** (D) i, ii, iii, iv

**প্রশ্ন ২:**

i. দেখ শয্যাশায়ী মনুষ্য!

ii. তুমি আমার কাছে কিছু উপদেশ গ্রহণ কর।

iii. বিজ্ঞ চতুষ্পদের কাছে শিক্ষালাভ ব্যতীত।

iv. তোমাদের জ্ঞানোন্নতির উপায়ান্তর দেখি না।

**বিকল্পসমূহ:**

(A) ii, i, iii, iv

(B) i, ii, iii, iv

(C) iv, iii, ii, i

(D) iii, iv, ii, i

**উত্তর:** (B) i, ii, iii, iv

**প্রশ্ন ৩:**

i. সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধনবৃদ্ধি।

ii. তোমাকে আমি নিউমান ও পার্করের গ্রন্থ দিতে পারি।

iii. আর কমলাকান্তের দপ্তর পড়িলেও কিছু উপকার হইতে পারে।

iv. আফিঙ্গের অসীম মহিমা বুঝিতে পারিবে।

**বিকল্পসমূহ:**

(A) ii, iv, i, iii

(B) i, ii, iii, iv

(C) iv, iii, ii, i

(D) ii, iii, iv, i

**উত্তর:** (D) ii, iii, iv, i

**প্রশ্ন ৪:**

i. খাইতে পাইলে কে চোর হয়?

ii. চুরি করিবার প্রয়োজন নাই বলিয়াই।

iii. চুরির মূল যে কৃপণ তাহার দণ্ড হয় না কেন?

iv. চোরের দণ্ড হয়।

**বিকল্পসমূহ:**

(A) iv, ii, i, iii

(B) i, ii, iv, iii

(C) ii, iv, i, iii

(D) iii, i, iv, ii

**উত্তর:** (A) iv, ii, i, iii

**প্রশ্ন ৫:**

i. কেহ মরে বিল ছেঁচে।

ii. কেহ খায় কই।

iii. মেও! শব্দে একটু মন বুঝিবার অভিপ্রায় ছিল।

iv. একটু ব্যঙ্গ ছিল।

**বিকল্পসমূহ:**

(A) i, iv, iii, ii

(B) ii, iii, i, iv

(C) i, ii, iv, iii

(D) i, iv, ii, iii

**উত্তর:** (C) i, ii, iv, iii

## সঠিক সম্পর্কটি চিহ্নিত করো

**১**

**বিবৃতি A:** কমলাকান্ত আফিঙ্গের অসীম মহিমা বুঝিতে পারেন।

**বিবৃতি B:** কমলাকান্ত নিয়মিত আফিং সেবন করেন।

**সঠিক বিকল্প:**

(A) B -এর কারণ A

(B) A-র কারণ B

(C) A এবং B পরস্পর বিরোধী

(D) A এবং B দুটিই স্বাধীন অর্থপূর্ণ বাক্য।

**উত্তর:** (B) A-র কারণ B

সাকসেস... এ পাথফাইন্ডার্স

২. বিবৃতি A : মার্জারসুন্দরী দুগ্ধ পান করে পরিতৃপ্ত হয়েছে।

বিবৃতি B : নিজের মনের সুখ প্রকাশ করার অভিপ্রায় করছে।

সঠিক বিকল্প : (A) B -এর কারণ A (B) A-র কারণ B

(C) A এবং B পরস্পর বিরোধী (D A এবং B দুটিই স্বাধীন অর্থপূর্ণ বাক্য।

উত্তরঃ (A) B -এর কারণ A

৩

**বিবৃতি A:** মার্জার বিচার ও যুক্তির ওপর অত্যন্ত দক্ষ।

**বিবৃতি B:** মার্জার বলেছে, 'চুরির মূল যে কৃপণ তাহার দণ্ড হয় না কেন?'

**সঠিক বিকল্প:**

(A) B -এর কারণ A

(B) A-র কারণ B

(C) A এবং B পরস্পর বিরোধী

(D) A এবং B দুটিই স্বাধীন অর্থপূর্ণ বাক্য।

**উত্তর:** (A) B -এর কারণ A

৪ বিবৃতি A : মানুষের জ্ঞানের অভাব আছে।

বিবৃতি B : বিড়ালের কাছে শিক্ষা নেওয়া ছাড়া মানুষদের গতি নেই।

সঠিক বিকল্প : (A) B -এর কারণ A (B) A-র কারণ B

(C) A এবং B পরস্পর বিরোধী (D A এবং B দুটিই স্বাধীন অর্থপূর্ণ বাক্য।

উত্তরঃ (A) B -এর কারণ A

৫. বিবৃতি A : শিরোমণি কিংবা ন্যায়ালঙ্কার সমাজে মান্যলোক।

বিবৃতি B : সকলেই শিরোমণিদের সন্তুষ্টি বিধানে তৎপর।

সঠিক বিকল্প : (A) A মিথ্যা, কিন্তু B সঠিক। (B) A হল B -এর কারণ।

(C) A সত্য, কিন্তু B মিথ্যা। (D) A এবং B দুটিই সত্য, কিন্তু তাদের মধ্যে কোনো সম্পর্ক নেই

উত্তরঃ (B) A হল B -এর কারণ।

সাকসেস... এ পাঠ্যক্রমের্স

৬. বিবৃতি A : খাদ্যের অভাবে দরিদ্র চুরি করতে বাধ্য হয়।

বিবৃতি B : ধনীব্যক্তিরা তাদের অপ্রয়োজনীয় আহার্য দরিদ্রকে দেয় না।

সঠিক বিকল্প : (A) B-র কারণ A (B) A-র কারণ B

(C) A এবং B পরস্পর বিরোধী। (D) A এবং B দুটিই স্বাধীন অর্থপূর্ণ বাক্য।

উত্তরঃ (B) A-র কারণ B

## সবচেয়ে উপযুক্ত বিকল্পটি চিহ্নিত করো

১ **বিবৃতি:** (A) কমলাকান্ত মার্জারকে লাঠি দিয়ে মারতে চেয়েছিলেন।

**কারণ:** (R) মার্জারটি দুধ খেয়ে ফেলে চুপিচুপি চলে যাচ্ছিল।

**সঠিক বিকল্প:**

(A) A ঠিক, R ভুল

(B) A ভুল, R ঠিক

(C) A এবং R উভয়েই ঠিক এবং R, A-র সঠিক কারণ

(D) A এবং R উভয়েই ভুল

**উত্তর:** (A) A ঠিক, R ভুল

২ **বিবৃতি:** (A) কমলাকান্ত মনে করেন যে চোরের দণ্ড হওয়া উচিত।

**কারণ:** (R) কমলাকান্ত বিশ্বাস করেন যে চুরি করা একটি ধর্মীয় কাজ।

**সঠিক বিকল্প:**

(A) A ঠিক, R ভুল

(B) A ভুল, R ঠিক

(C) A এবং R উভয়েই ঠিক এবং R, A-র সঠিক কারণ

(D) A এবং R উভয়েই ভুল

**উত্তর:** (A) A ঠিক, R ভুল

৩ **বিবৃতি** : (A) এজন্য হুঁকা হাতে নিমীলিত লোচনে আমি ভাবিতেছিলাম।

**কারণ** : (R) কমলাকান্ডের আহার প্রস্তুত হয়নি।

<u>সঠিক বিকল্প</u> :

(A) A ঠিক R ভুল

(B) A ভুল R ঠিক

(C) A এবং R উভয়েই ঠিক এবং R. A-র সঠিক কারণ

(D) A এবং R উভয়েই ঠিক, কিন্তু R, A-র সঠিক কারণ নয়

উত্তরঃ (C) A এবং R উভয়েই ঠিক এবং R. A-র সঠিক কারণ

৪ **বিবৃতি** : (A) এক্ষণে আর অতিরিক্ত পুরস্কার দেওয়া যাইতে পারে না।

**কারণ** : (R) ডিউকের পুরস্কার পাওয়ার যোগ্যতা নেই।

<u>সঠিক বিকল্প</u> :

(A) A ঠিক R ভুল

(B) A ভুল R ঠিক

(C) A এবং R উভয়েই ঠিক এবং R. A-র সঠিক কারণ

(D) A এবং R উভয়েই ঠিক, কিন্তু R, A-র সঠিক কারণ নয়

উত্তরঃ (A) A ঠিক R ভুল

৫ **বিবৃতি** : (A) বিড়াল দুধ খেয়ে গেলে কমলাকান্ত রাগ করতে পারেন না।

**কারণ** : (R) বিড়ালটি তার পোষা ছিল।

<u>সঠিক বিকল্প</u> :

(A) A ঠিক, R ভুল

(B) A ভুল, R ঠিক

(C) A এবং R উভয়েই ঠিক এবং R, A-র সঠিক কারণ

(D) A এবং R উভয়েই ভুল

উত্তরঃ (A) A ঠিক, R ভুল

৬ **বিবৃতি** : (A) কমলাকান্ড লাঠি হাতে বিড়াল তাড়া করেছিলেন।

**কারণ** : (R) চিরকালীন প্রথা হল বিড়াল দুধ খেলে তাকে মারতে হয়।

<u>সঠিক বিকল্প</u> :

(A) A এবং R উভয়েই ঠিক এবং R, A-র সঠিক কারণ

(B) A এবং R উভয়েই ঠিক এবং R, A-র সঠিক কারণ

(C) A ভুল, R ঠিক

(D) A এবং R উভয়েই ভুল

উত্তরঃ (A) A এবং R উভয়েই ঠিক এবং R, A-র সঠিক কারণ

৭ **বিবৃতি:** (A) কমলাকান্ত আফিঙ্গের গুণাবলিতে বিশ্বাসী।

**কারণ:** (R) আফিঙ্গ তাকে দিব্যকর্ণ প্রাপ্তিতে সাহায্য করে।

**সঠিক বিকল্প:**

(A) A ঠিক, R ভুল

(B) A ভুল, R ঠিক

(C) A এবং R উভয়েই ঠিক এবং R, A-র সঠিক কারণ

(D) A এবং R উভয়েই ভুল

**উত্তর:** (C) A এবং R উভয়েই ঠিক এবং R, A-র সঠিক কারণ

৮ **বিবৃতি** : (A) কমলাকান্ত মার্জারের বক্তব্য সকল বুঝতে পেরেছিলেন।

**কারণ** : (R) হুঁকো টেনে কমলাকান্ত দিব্যকর্ণপ্রাপ্ত হয়েছিলেন।

**সঠিক বিকল্প** :

(A) A ঠিক, R ভুল

(B) A ভুল, R ঠিক

(C) A এবং R উভয়েই ঠিক এবং R, A-র সঠিক কারণ

(D) A এবং R উভয়েই ভুল

উত্তরঃ (C) A এবং R উভয়েই ঠিক এবং R, A-র সঠিক কারণ

৯ **বিবৃতি** : (A) চোর কোনো অধর্ম করে না।

**কারণ** : (R) খেতে পায় না বলেই চোর চুরি করে।

**সঠিক বিকল্প** :

(A) A ঠিক R ভুল

(B) A এবং R উভয়েই ভুল

(C) A এবং R উভয়েই ঠিক এবং R. A-র সঠিক কারণ

(D) A এবং R উভয়েই ঠিক, কিন্তু R, A-র সঠিক কারণ নয়

উত্তরঃ (C) A এবং R উভয়েই ঠিক এবং R. A-র সঠিক কারণ

১০ **বিবৃতি** : (A) অধর্ম করে কৃপণ ধনী।

**কারণ** : (R) চোর কোনো অধর্ম করে না।

**সঠিক বিকল্প** :

(A) A ঠিক R ভুল

(B) A ভুল, R ঠিক

(C) A এবং R উভয়েই ঠিক এবং R. A-র সঠিক কারণ

(D) A এবং R উভয়েই ঠিক, কিন্তু R, A-র সঠিক কারণ নয়

উত্তরঃ (D) A এবং R উভয়েই ঠিক, কিন্তু R, A-র সঠিক কারণ নয়

## সত্য বা মিথ্যা নির্বাচন করো

**১. কমলাকান্তের মনের অবস্থা নিয়ে নীচের তথ্যগুলির যেটি ভুল:**

i. কমলাকান্ত ভাবছিলেন যে তিনি যদি নেপোলিয়ন হতেন।

ii. তিনি ওয়াটার্লু জিততে পারতেন কি না তা নিয়ে ভাবছিলেন।

iii. তিনি তার পরবর্তী যুদ্ধে জিততে পারবেন কি না তা নিয়ে চিন্তা করছিলেন।

iv. তিনি খুব শান্ত মনের অধিকারী ছিলেন।

(A) i, ii, সত্য iii, iv মিথ্যা

(B) i, iii, সত্য ii, iv মিথ্যা

(C) i, ii, সত্য iii, iv মিথ্যা

(D) ii, iv, সত্য i, iii মিথ্যা

**উত্তর:** (C) i, ii, সত্য iii, iv মিথ্যা

**২. মার্জার প্রসঙ্গে নীচের তথ্যগুলির যেটি ভুল:**

i. মার্জারটি কমলাকান্তের জন্য দুধ খেয়ে ফেলেছিল।

ii. মার্জারটি কুকুরের মত আচরণ করেছিল।

iii. মার্জারটি কমলাকান্তকে ব্যঙ্গ করে "মেও" শব্দটি করেছিল।

iv. মার্জারটি কমলাকান্তের প্রিয় পোষা ছিল।

(A) i, iii, সত্য ii, iv মিথ্যা

(B) i, iv, সত্য ii, iii মিথ্যা

(C) ii, iii, সত্য i, iv মিথ্যা

(D) ii, iv, সত্য i, iii মিথ্যা

**উত্তর:** (A) i, iii, সত্য ii, iv মিথ্যা

৩. "একটি ক্ষুদ্র মাজার।"-এই মার্জার সম্পর্কে যে বিষয়গুলি প্রাসঙ্গিক- ।

i. তাকে দেখে কমলাকান্তের প্রথমে ডিউক অফ ওয়েলিংটন মনে হয়েছিল।

ii. মার্জারটি কমলাকান্তের ভাষায় ছিল 'সুন্দরী'।

iii. দুধপানে মার্জারটি পরিতৃপ্ত হতে পারেনি।

সাকসেস... এ পাথফাইন্ডার্স

iv. মার্জারটির 'মেও' উচ্চারণটি ছিল অত্যন্ত কর্কশ।

(A) i, iii, সত্য ii, iv মিথ্যা (B) i, ii সত্য iii, iv মিথ্যা (C) ii, iii সত্য i, iv মিথ্যা (D) i, iv সত্য ii, iii মিথ্যা

উত্তরঃ (B) i, ii সত্য iii, iv মিথ্যা

৪. "দুধ আমার বাপেরও নয়।"-এই ভাবনার সঙ্গে যে বিষয়টি যুক্ত-

i. বিড়ালের দুধ আসক্তি অন্যায়। ii. দুধ মঙ্গলা গাভীর।

iii. দুধ দোয় পুষ্প গোয়ালিনী। iv. দুধের ওপর বিড়ালের অধিকার কমলাকান্ত মেনে নিয়েছিলেন।

(A) i, iii, সত্য ii, iv মিথ্যা (B) i, iv, সত্য ii, iii মিথ্যা (C) iii, iv, সত্য i, ii মিথ্যা (D) ii, iv, সত্য i, iii মিথ্যা

উত্তরঃ (D) ii, iv, সত্য i, iii মিথ্যা

৫. "তোমরা আমার কাছে কিছু উপদেশ গ্রহণ করো।"-এই উপদেশের সঙ্গে যা যা সম্পর্কিত-

i. বিড়াল কমলাকান্তের পড়াশোনায় দক্ষতার অভাবের কথা বলেছে।

ii. বিড়াল নিজেকে বিজ্ঞ চতুষ্পদ মনে করেছে।

iii. তার কাছে শিক্ষালাভ ছাড়া জ্ঞানোন্নতির কোনো উপায় মানুষের নেই বলে বিড়াল মনে করেছে।

iv. বিড়াল কমলাকান্তকে নীতিশিক্ষা দিতে চেয়েছে।

(A) ii, iii সত্য i, iv মিথ্যা (B) i, iii সত্য ii, iv মিথ্যা (C) i, i সত্য iii, iv মিথ্যা (D) i, iv সত্য ii, iii মিথ্যা

উত্তরঃ (A) ii, iii সত্য i, iv মিথ্যা

৬. "চোরের দণ্ড হয়, চুরির মূল যে কৃপণ তাহার দণ্ড হয় না কেন?" এই বিষয়ে বিড়ালের যুক্তিক্রমে যা যা ছিল না-

i. বিড়াল সাধ করে চোর হয়নি। ii. বড়ো বড়ো সাধু ব্যক্তিরা চুরি করার প্রয়োজন নেই বলেই চুরি করেন না।

iii. প্রয়োজনের অতিরিক্ত সম্পদ থাকতেও ধনীরা চোরের দিকে মুখ তুলে তাকায় না। iv. ধনীদের ধর্মশিক্ষার প্রয়োজন।

(A) i, iv সত্য ii, iii মিথ্যা (B) i, ii iii সত্য iv মিথ্যা (C) ii, iii, iv সত্য i মিথ্যা (D) ii, iv সত্য i, iii মিথ্যা

উত্তরঃ (B) i, ii iii সত্য iv মিথ্যা

৭. "তাহার সঙ্গে আরেকটি নিয়ম করো।"-এখানে অপ্রাসঙ্গিক বিষয়টি হল-

i. চোরকে ফাঁসি না দেওয়ার জন্য নিয়মটা জরুরি।

ii. যে বিচারক চোরকে সাজা দেবেন তিনি তিন দিন উপোস করবেন।

iii. উপোসী থাকার সময় যদি তাঁর চুরি করে খেতে ইচ্ছে না হয় তাহলে চোরকে ফাঁসি দেওয়া যাবে।

iv. কমলাকান্তকে আইন নিয়ে অনেক পড়াশোনা করতে হবে।

(A) ii, iv সত্য i, iii মিথ্যা (B) ii, iii সত্য i, iv মিথ্যা (C) i, iv সত্য ii, iii মিথ্যা (D) iii, iv সত্য i, ii মিথ্যা

উত্তরঃ (C) i, iv সত্য ii, iii মিথ্যা

## অনুচ্ছেদভিত্তিক প্রশ্নগুলির উত্তর দাও

১. "মার্জার বলিল, 'চোরকে ফাঁসি দাও, তাহাতেও আমার আপত্তি নাই; কিন্তু তাহার সঙ্গে আর একটি নিয়ম কর। যে বিচারক চোরকে সাজা দিবেন, তিনি আগে তিন দিবস উপবাস করিবেন। তাহাতে যদি তাঁহার চুরি করিয়া খাইতে ইচ্ছা না করে, তবে তিনি স্বচ্ছন্দে চোরকে ফাঁসি দিবেন।'"

(A) মার্জার বিচারকদের প্রতি সহানুভূতি প্রকাশ করেছে।

(B) মার্জার চোরদের প্রতি সহানুভূতি প্রকাশ করে বিচারকদের সমালোচনা করেছে।

(C) মার্জার উপবাসের মাধ্যমে পবিত্রতার প্রস্তাব করেছে।

(D) মার্জার চোরদের শাস্তি কঠোর করার পরামর্শ দিয়েছে।

**উত্তর:** (B) মার্জার চোরদের প্রতি সহানুভূতি প্রকাশ করে বিচারকদের সমালোচনা করেছে।

২. যদি কেহ তোমাদের সোহাগের বিড়াল হইতে পারিল-গৃহমার্জার হইয়া বৃদ্ধের নিকট যুবতী ভার্যার সহোদর বা মূর্খ ধনীর কাছে সতরণ খেলোয়াড়ের স্থানীয় হইয়া থাকিতে পারিল তবেই তাহার পুষ্টি।

(A) এখানে গৃহস্থের পশুপ্রেমের কথা বলা হয়েছে।

(B) নিজের দুরবস্থার জন্য মার্জার আক্ষেপ করেছে।

(C) গৃহমার্জার হওয়ার সুবিধার কথা এখানে মার্জার বলেছে।

(D) আনুগত্য ছাড়া ধনী শ্রেণি যে সহৃদয় হয় না, সেই সামাজিক অসংগতির দিকে ইঙ্গিত করা হয়েছে।

উত্তরঃ (D) আনুগত্য ছাড়া ধনী শ্রেণি যে সহৃদয় হয় না, সেই সামাজিক অসংগতির দিকে ইঙ্গিত করা হয়েছে।

৩. "আমি আর সহ্য করিতে না পারিয়া বলিলাম, 'থাম! থাম মার্জ্জারপণ্ডিত! তোমার কথাগুলি ভারি সোশিয়ালিষ্টিক্! সমাজবিশৃঙ্খলার মূল! যদি যাহার যত ক্ষমতা সে তত ধনসঞ্চয় করিতে না পায় অথবা সঞ্চয় করিয়া চোরের জ্বালায় নির্ব্বিঘ্নে ভোগ করিতে না পায় তবে কেহ আর ধনসঞ্চয়ে যত্ন করিবে না। তাহাতে সমাজের ধনবৃদ্ধি হইবে না।'"

(A) কমলাকান্ত মার্জারের সমাজতান্ত্রিক চিন্তাধারাকে সমর্থন করছেন।

(B) কমলাকান্ত সমাজের ধনবৃদ্ধিকে চুরির সাথে সম্পৃক্ত করছেন।

(C) কমলাকান্ত মার্জারের কথাগুলোকে সমাজের বিশৃঙ্খলার মূল মনে করছেন।

(D) কমলাকান্ত চোরদের সমর্থন করছেন।

**উত্তর:** (C) কমলাকান্ত মার্জারের কথাগুলোকে সমাজের বিশৃঙ্খলার মূল মনে করছেন।

৪. "মার্জার বলিল, 'না হইলে ত আমার কি? সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধনবৃদ্ধি। ধনীর ধনবৃদ্ধি না হইলে দরিদ্রের কি ক্ষতি?'"

(A) মার্জার সমাজের ধনবৃদ্ধিকে দরিদ্রের জন্য গুরুত্বপূর্ণ মনে করে।

(B) মার্জার ধনীদের ধনবৃদ্ধিকে দরিদ্রের সাথে সম্পর্কহীন মনে করে।

(C) মার্জার ধনীদের ধনবৃদ্ধির প্রয়োজনীয়তা তুলে ধরছে।

(D) মার্জার দরিদ্রদের ধনবৃদ্ধির উপর গুরুত্ব দিচ্ছে।

**উত্তর:** (B) মার্জার ধনীদের ধনবৃদ্ধিকে দরিদ্রের সাথে সম্পর্কহীন মনে করে।

৫. তোমার কথাগুলি ভারী সোশিয়ালস্টিক। সমাজবিশৃঙ্খলার মূল। যদি যাহার যত ক্ষমতা, সে তত ধনসন্বয় করিতে না পায়, অথবা সঞ্চয় করিয়া চোরের জ্বালায় নির্বিঘ্নে ভোগ করিতে না পায়, তবে কেহ আর ধনসন্বয়ে যত্ন করিবে না।

(A) কমলাকান্ত সমাজে শৃঙ্খলা চান।

(B) কমলাকান্ত ব্যক্তির প্রতিভার বিকাশ চান।

(C) কমলাকান্ত রাজনীতিতে বিশ্বাস করেন না।

(D) কমলাকান্ত ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থাকে সমর্থন করেন।

উত্তরঃ (D) কমলাকান্ত ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থাকে সমর্থন করেন।